আল-ফিরদাউস সংবাদ সমগ্র

এপ্রিল, ২০২১ঈসায়ী

আল-ফিরদাউস

সংবাদ সমগ্র

এপ্রিল, ২০২১

সূচিপত্র

৩০শে এপ্রিল, ২০২১

খোরাসান | তালিবান মুজাহিদদের হামলায় ৯০ এরও বেশি কাবুল সৈন্য হতাহত

ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের জানবায তালিবান মুজাহিদিন গত ২৯ এপ্রিল বৃহস্পতিবার, আফগানিস্তানের বিভিন্ন অঞ্চলে কাবুল বাহিনীর উপর ব্যাপক হামলা চালিয়েছেন। এতে ৯০ এরও বেশি কাবুল সৈন্য হতাহত হয়েছে।

রিপোর্ট অনুযায়ী, গতকাল হেরাত প্রদেশের শিন্দান্দ জেলার দেহ-আমান এলাকায় মুরতাদ কাবুল বাহিনীর অবস্থানে ব্যাপক সশস্ত্র হামলা চালিয়েছেন তালিবান মুজাহিদিন। তালেবানদের তীব্র আক্রমণের ফলে মুরতাদ বাহিনীর ৩টি ট্যাঙ্ক, একটি ফিল্ডার এবং একটি গাড়ি ধ্বংস করা হয়েছে, এছাড়াও জেলাটির প্রধান সামরিক ঘাঁটিটি বিজয় করতে সক্ষম হয়েছেন মুজাহিদগণ।

অভিযানের সময় মুজাহিদদের হামলায় দুই কমান্ডারসহ ২৮ পুতুল সৈন্য ঘটনাস্থলেই মারা যায়। এছাড়াও ২ টি মোটরসাইকেল, ৫ টি ক্লাশিনকোভ, ১ টি ভারী মেশিনগান, তোপ-কামান ও অন্যান্য গোলাবারুদ মুজাহিদিনরা গনিমত লাভ করেছেন। বিপরীতে দু'জন মুজাহিদ শহীদ এবং অপর দু'জন মুজাহিদ আহত হয়েছেন। আল্লাহ তাআলা তাদের শাহাদাতকে কবুল করুন। আমিন।

একই জেলার দেহ আমান এলাকায় সকালে একদল শত্রু সেনার উপর সশস্ত্র আক্রমণ করেছেন মুজাহিদগণ। এসময় মুজাহিদগণ ২টি পোস্ট বিজয়সহ ৫ সৈন্যকে হত্যা ও আরো ২ সৈন্যকে গুরুতর আহত করেন।

এদিকে বাদঘিস প্রদেশের রাজধানী কালা-ই-নওয়াজের ব্যান্ড-ই-সুজাক এলাকায় এদিন দুপুর ১১ টার সময়, হেরাত প্রদেশ ও কালা-ই-নওয়াজ থেকে আসা মুরতাদ কাবুল বাহিনীর একটি কনভয়ে সশস্ত্র হামলা চালান তালেবান মুজাহিদগণ। অভিযানটি দুপুর ২ টা অবধি চলতে থাকে। যার ফলস্বরূপ ৯ পুতুল সৈন্য নিহত এবং আরো ৬ সৈন্য আহত হয়েছে। ধ্বংস হয়েছে মুরতাদ বাহিনীর বিস্ফোরক ভর্তি ২টি যানসহ ৩টি সাঁজোয়া যান।

এ ঘটনায় দু'জন মুজাহিদ আহত এবং অপর একজন মুজাহিদ শহীদ হয়েছেন। তাকাবালাল্লাহু রাব্বুল আলামীন।

গতকাল রাতে মুজাহিদীনরা লোঘার প্রদেশের বরাকি-বরাক জেলায় মুরতাদ কাবুল বাহিনীর একটি সামরিক স্থাপনার উপর সশস্ত্র হামলা চালিয়েছেন, যা প্রায় ৬ ঘন্টা অব্যাহত ছিল। এতে ৭ মুরতাদ সৈন্য নিহত এবং আরো ৯ এরও বেশি সৈন্য গুরুতর আহত হয়। এছাড়াও বিকেল বেলায় জেলাটির সুরখাব এলাকায় ভাড়াটে শত্রুদের উপর ড্রোন হামলাও চালিয়েছেন মুজাহিদগণ। এতে এক ভাড়াটে সৈন্য নিহত হয়েছে।

এমনিভাবে গতকাল সন্ধ্যা ৫ টায় হেলমান্দ প্রদেশের নওয়াহ জেলার তাবিলা এলাকায় এবং বিকাল ৪ টায় রাজধানী লস্করগাহে মুরতাদ বাহিনীর বিরুদ্ধে ২টি পৃথক হামলা চালিয়েছেন মুজাহিদগণ। যাতে ৯ মুরতাদ

সৈন্য নিহত এবং আরো ২ সৈন্য আহত হয়েছে। মুজাহিদগণ বিজয় করে নিয়েছেন ২টি চৌকি। হামলায় ধ্বংস হয়েছে মুরতাদ বাহিনীর ২টি রেঞ্জার গাড়ি।

এদিকে বৃহস্পতিবার সকাল সাড়ে ৯ টার দিকে দক্ষিণাঞ্চলীয় কান্দাহারের প্রদেশীক রাজধানীর মারঘান এলাকায় ভাড়াটে সৈন্যদের একটি বিলাসবহুল গাড়িতে হামলা চালিয়েছেন একদল গেরিলা তালিবান মুজাহিদিন। এই হামলায় ৪ সেনা নিহত ও আরো ৩ সেনা আহত হয়েছে। হামলার পরে মুজাহিদিনরা নিরাপদে তাদের ঘাঁটিতে পৌঁছেছেন।

একইভাবে সন্ধ্যা বেলায় মুজাহিদগণ তাখার প্রদেশের দস্ত-ই-কেল্লা এলাকায় মুরতাদ বাহিনীর একটি গুরুত্বপূর্ণ পোস্টে কৌশলগত আক্রমণ চালান, এ সময় শত্রুদের অস্ত্র ডিপো পুরোপুরি ধ্বংস হয়ে যায়। মুজাহিদদের তীব্র হামলায় ৫ ভাড়াটে সৈন্য মারা গেছে এবং ১ সৈন্য আহত হয়েছে।

ইয়েমেনে হুথী নিয়ন্ত্রিত অঞ্চলে তীব্র হামলা, মুজাহিদদের হাতে বহু অঞ্চল বিজয়

আল-কায়েদা আরব উপদ্বীপ শাখার যোদ্ধারা ইয়েমেনে ইরান-সমর্থিত শিয়া হুথীদের বিরুদ্ধে তীব্র আক্রমণ চালিয়েছিল।
আল-মালাহিম মিডিয়া সূত্রের দেওয়া তথ্য অনুসারে, আল-কায়েদা আরব উপদ্বীপ শাখা জামা'আত আনসারুশ শরিয়াহ্'র (AQAP) মুজাহিদগণ, গত ২৮ ও ২৯ এপ্রিল, ইয়েমেনের দক্ষিণে বেয়দা প্রদেশে মুরতাদ হুথী শিয়াদের অবস্থানগুলিতে তীব্র আক্রমণ চালাতে শুরু করেছেন।

বায়দা প্রদেশে হামলার পর এখন পর্যন্ত হুথী বিদ্রোহীদের নিয়ন্ত্রিত বহু এলাকা দখল করেছে আল-কায়েদা। এই যুদ্ধে নিহত ও আহত হচ্ছে ডজন ডজন হুথী বিদ্রোহী। সামাজিক যোগাযোগ মাধ্যমে মুজাহিদদের হামলায় হুথীদের একটি সাঁজোয়া যান ধ্বংস করার ছবিও প্রকাশ হয়েছে।

সূত্র আরো জানিয়েছে যে, এই অঞ্চলে হুথীদের বিরুদ্ধে আল-কায়েদা যোদ্ধাদের অভিযান এখনো অব্যাহত রয়েছে। তারা একের পর এক হুথীদের অবস্থানগুলো দখলে নিচ্ছে।

এটি খুবই আনন্দের যে, সম্প্রতি আল-কায়েদা মুজাহিদিন মধ্য এবং দক্ষিণ ইয়েমেনে তাদের প্রভাব অনেকগুণ বাড়িয়েছেন। দেশটির দক্ষিণে শেবাওয়া প্রদেশেও অভিযান জারি রেখেছেন আল-কায়েদা মুজাহিদগণ।

পাকিস্তানের মুরতাদ পুলিশ বাহিনীর উপর টিটিপির সফল হামলা, হতাহত ৩ এরও অধিক

পাকিস্তানের বেলুচিস্তানে দেশটির মুরতাদ পুলিশ বাহিনীর একটি গাড়িতে রিমোর্ট কন্ট্রোল বোমা বিস্ফোরণ ঘটিয়েছেন তেহরিক-ই-তালিবান পাকিস্তানের (টিটিপি) জানবায মুজাহিদগণ । গত ২৮ এপ্রিলের এই হামলায় ১ পুলিশ সদস্য নিহত এবং আরো ২ এরও বেশি আহত হয়েছে।

সূত্র থেকে জানা গেছে, একটি মোটরসাইকেলের সাথে বোমা লাগানো ছিল। যখন মুরতাদ পুলিশ সদস্যদের গাড়িটি উক্ত মোটরসাইকেলের পাশ দিয়ে অতিক্রম করছিল, তখনই রিমোট কন্ট্রোল দ্বারা বোমার বিস্ফোরণ ঘটানো হয়েছে। টিটিপির একজন সদস্য মোহাম্মাদ উসমান গাজী এই হামলার কথা স্বীকার করেছেন।

২৯শে এপ্রিল, ২০২১

ইসরায়েলকে বর্ণবিদ্বেষী মানতে নারাজ আমেরিকা

আন্তর্জাতিক মানবাধিকার সংস্থা হিউম্যান রাইটস ওয়াচ বা এইচআরডাব্লিউ ইহুদিবাদী ইসরায়েলকে ‘বর্ণবিদ্বেষী সরকার’ উল্লেখ করে এক প্রতিবেদন প্রকাশ করে। গত ২৭ এপ্রিল ১২৩ পৃষ্ঠার এক প্রতিবেদন প্রকাশ করে সন্ত্রাসবাদী দখলদার ইসরায়েলকে ‘বর্ণবিদ্বেষী’ সরকার আখ্যায়িত করেছে হিউম্যান রাইটস ওয়াচ।

সংস্থাটি জানায়, 'ইসরায়েল দখলকৃত অঞ্চলগুলিতে ফিলিস্তিনিদের জমি বাজেয়াপ্তকরণ, বিল্ডিং পারমিট না দেয়া, বাড়ি-ঘর ভেঙে দেয়া এবং ফিলিস্তিনিদের মৌলিক মানবাধিকারের উপর কয়েক দশক ধরে নিষেধাজ্ঞাসহ নানা নির্যাতনের অভিযোগের প্রমাণ পেয়েছে'।

সংস্থাটি বলছে, ইসরায়েলি কর্মকর্তারা ফিলিস্তিনি জনগণের বিরুদ্ধে যুদ্ধাপরাধ ও মানবতাবিরোধী অপরাধ করেছেন। কাজেই আন্তর্জাতিক ফৌজদারি আদালতের উচিত তাদের বিচার করা।

অপরদিকে ইহুদিদের বিশ্বস্ত সহযোগী বিশ্বসন্ত্রাসী আমেরিকা প্রকাশিত প্রতিবেদনটি প্রত্যাখ্যান করেছে।

হোয়াইট হাউজের মুখপাত্র জেন সাকি বলেছেন, এইচআরডাব্লিউ তার প্রতিবেদনে ইসরায়েলকে ফিলিস্তিনিদের সঙ্গে বর্ণবিদ্বেষী আচরণ ও তাদের প্রতি নির্যাতনের অপরাধে দায়ী করেছে। তবে মৌলিকভাবে ‘বর্ণবিদ্বেষী’ পরিভাষাটি আমাদের দৃষ্টিভঙ্গিকে প্রতিফলিত করে না। তাই আমারা হিউম্যান রাইটস ওয়াচের প্রতিবেদনটি মূল্যায়ন করবো না।

জেন সাকি বলে, আমেরিকা প্রতি বছর (তথাকথিত) মানবাধিকার পরিস্থিতি সম্পর্কে প্রতিবেদন প্রকাশ করে। কিন্তু এসব প্রতিবেদনে কখনো এরকম পরিভাষা ব্যবহার করা হয় না।

সূত্র : ইনসাফ২৪ ডটকম।

ফটো রিপোর্ট | আম্মার বিন ইয়াসির সামরিক ক্যাম্প-খোরাসান

ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের নিয়ন্ত্রণাধীন খোস্ত প্রদেশের হযরত আম্মার বিন ইয়াসির (রাঃ) সামরিক ক্যাম্প থেকে শরয়ী কোর্স ও সামরিক প্রশিক্ষণ শেষে স্নাতক হয়েছেন একদল তরুন তালিবান মুজাহিদিন।

সামরিক এই ক্যাম্পটিতে প্রশিক্ষণরত যুবকদের কিছু ফটো ক্যামেরায় ধারণ করেছেন 'আল-ইমারাহ স্টুডিও' এর মুজাহিদগণ।

https://alfirdaws.org/2021/04/29/48901/

বুর্কিনা ফাসো | মুজাহিদদের হামলায় পশ্চিমা ক্রুসেডারসহ ১৩ এরও বেশি সৈন্য হতাহত

পশ্চিম আফ্রিকার দেশ বুর্কিনা ফাসোতে দেশটির সামরিক বাহিনীর গাড়িবহরে হামলা চালিয়েছেন আল-কায়েদা শাখা জামায়াত নুসরাতুল ইসলাম ওয়াল মুসলিমীন এর মুজাহিদীনগণ। তাদের অপ্রতিরোধ্য হামলায় বুরকিনা ফাসোর ৩ সেনা সদস্যসহ ২ স্প্যানিশ নিহত হয়েছে। তাদের সাথে থাকা আরো ৪ এরও বেশি সেনা সদস্য আহত হয়েছে, আটক করা হয়েছে আরো ৪ সেনা সদস্যকে। একই সাথে মুজাহিদগণ পেয়েছেন বড় আকারের গনিমাহ।

আঞ্চলিক সূত্র থেকে জানা গেছে, গত ২৭ এপ্রিল মঙ্গলবার, বুর্কিনা ফাসোর নাতিয়াবোনি অঞ্চলের প্রায় ১৫ কিলোমিটার দক্ষিণে দেশটির সামরিক বাহিনীর একটি গাড়িবহরে আক্রমণ করেন আল-কায়েদা শাখা JNIM এর মুজাহিদীনরা। গাড়িবহরটিতে সরকারি বাহিনীর সেনা সদস্যরা ছাড়াও স্পেনের হয়ে এখানে কাজ করা দুই ব্যক্তি ও ফিল্মমেকার এবং বেশ কয়েকজন রেঞ্জার সদস্য ছিল।

এসময় মুজাহিদদের তীব্র হামলায় বুর্কিনা-ফাসোর ৩ সেনা সদস্য ও ২ স্প্যানিশ নিহত হয়েছে। আহত হয়েছে আরো ৪ এরও বেশি সৈন্য। আহত সৈন্যরা পালিয়ে যাওয়ার সময় ১ সৈন্যকে আটকও করেন মুজাহিদগণ।

এদিকে ক্রুসেডার ফ্রান্সের গোলাম বুর্কিনা-ফাসো সরকার দাবি করে যে, নিহতরা সবাই প্রথমে আল-কায়েদার যোদ্ধাদের হাতে বন্দী হয়েছে। যাদের মাঝে দুজন ছিল স্প্যানিশ সাংবাদিক।

এবিষয়ে স্থানীয় এক সাংবাদিক 'হুসাইন এজি' তার টুইটার একাউন্টে লিখেন- আমি উল্লেখ করতে চাই যে, বন্দী করার পরে তাদেরকে হত্যার পদ্ধতিটি JNIM এর অনুসারি বা আল কায়েদার যুদ্ধকৌশল নয়, বরং তারা

বন্দীদেরকে জিম্মি করে রাখে এবং মুক্তিপণের মাধ্যমে নিজেদের গুরুত্বপূর্ণ চাওয়া আদায় করে নেয়। আমি বলতে পারি, হয়তো JNIM এই হামলার সাথে যুক্ত নয় বা তারা সাংবাদিকদের হত্যা করেনি।

এই সাংবাদিক তার পরবর্তী পোস্টে লিখেন, বুর্কিনা ফাসোতে JNIM এর ঘনিষ্ঠ একটি সূত্র আমাকে জানিয়েছে যে, স্পেনীয় কথিত যে সাংবাদিকরা নিহত হয়েছিল, তারা সাংবাদিক ছিল না আর তাদেরকে বন্দীও করা হয়নি বরং সংঘর্ষের সময় এই দুই স্পেনীয় নিহত হয়েছিল।

এদিকে 'ফ্রান্স-২৪' সরকারি সূত্রের বরাত দিয়ে আরো যোগ করেছে যে, যুদ্ধে অংশগ্রহণকারী ৪ সেনা সদস্য এখনো নিখোঁজ রয়েছে। ধারণা করা হচ্ছে আল-কায়েদা যোদ্ধারা তাদেরকে বন্দি করে নিয়েছে।

যুদ্ধের ফলাফলস্বরূপ এই অভিযান থেকে আল-কায়েদার মুজাহিদগণ দুটি পিকাপ, ৩টি হেভি ও লাইট মেশিন গান, একটি একে সিরিজের রাইফেল এবং ১২টি মোটরসাইকেল গণিমাহ লাভ করেছেন।

সোমালিয়া | মুজাহিদদের হামলায় ৭ মুরতাদ সৈন্য নিহত

সোমালিয়ায় হারাকাতুশ শাবাব যোদ্ধাদের পৃথক দুটি হামলায় দেশটির অন্ততপক্ষে ৭ মুরতাদ সৈন্য হতাহত হয়েছে।

শাহাদাহ্ নিউজের সূত্রে জানা গেছে, গত ২৮ এপ্রিল বুধবার সন্ধ্যায়, দক্ষিণ সোমালিয়ার শাবেলী সুফলা রাজ্যে একটি সড়কে মুরতাদ সেনাদের কাফেলার উপর তীব্র হামলা চালিয়েছেন হারাকাতুশ শাবাব মুজাহিদিন। এতে মুরতাদ বাহিনীর কমপক্ষে ৬ সৈন্য নিহত হয়েছে।

এই যুদ্ধে ক্ষতিগ্রস্থ হয়েছে মুরতাদ বাহিনীর কয়েকটি সাঁজোয়া যান, মুজাহিদগণ গনিমত লাভ করেছেন একটি গাড়িসহ বেশ কিছু অস্ত্র ও গোলা-বারুদ।

এদিকে রাজধানী মোগাদিশুর দার্কিনালী জেলার সরকারি অধিদপ্তরেও এদিন হামলা চালিয়েছেন মুজাহিদগণ। যার ফলে গুরুত্বপূর্ণ এক কর্মকর্তা নিহত হয়েছে।

দিল্লিতে মিলছে না আগুন, মালাউনদের লাশ ছিঁড়ে খাচ্ছে কুকুর

ভারতের দিল্লি এখন এক মৃত্যুপুরী। মানুষের মৃত্যুর সারি এখানে এতই দীর্ঘ হচ্ছে যে, তাদের দাহ করতে পেতে হচ্ছে বেগ। শহরের শ্মশানগুলো এখন আর খালি নেই। সেখানে মরদেহের দীর্ঘ লাইন।

দীর্ঘ সময় মরদেহ বাইরে রাখায় কোথাও কোথাও দেখা গেছে রাস্তার কুকুর সেগুলো ছিঁড়ে ছিঁড়ে খাচ্ছে। এমনই এক ঘটনা ঘটেছে গাজিয়াবাদ জেলায়।

আনন্দবাজারের প্রতিবেদনে বলা হয়, সেখানে করোনায় মারা যাওয়া আদালতের এক কর্মীকে নিয়ে যাওয়া হয়েছিল হিন্দোন শ্মশানে।

মৃত ব্যক্তির সহকর্মী ত্রিলোকী সিংহ জানান, তারা সকাল ৮টায় পৌঁছানোর পর টোকেন দেয়া হয় বেলা ১০টার। কারণ লম্বা লাইন ছিল। পরে সেই টোকেন বদলে নতুন সময় দেয়া হয় সন্ধ্যা ৬টায়। এ সময় তারা একটু দূরে গিয়ে অপেক্ষা করছিলেন।

হঠাৎ এক ব্যক্তি এসে তাদের খবর দেন, রাস্তার কুকুর এসে তাদের মরদেহ টেনেছিঁড়ে দিচ্ছে। তারা দৌড়ে যান। সেই ছবি এবং সংবাদ বিড়ম্বনায় ফেলেছে দিল্লি সরকারকে।

শুধু একটি শ্মশানেই এমন অবস্থা নয়। দিল্লির সব শ্মশানে একই অবস্থা। এই যেমন সুভাষনগরের শ্মশানে করোনায় মৃত বাবার দেহ নিয়ে গিয়েছিলেন মনমীত সিংহ। কিন্তু তিনি সেখানে বাবাকে দাহ করতে পারেনি।

সংবাদমাধ্যমে তিনি জানিয়েছেন, বাবার মরদেহ নিয়ে শ্মশানে ঢুকতে যাবেন, তার আগেই রাস্তা আটকালেন এক কর্মী। জানিয়ে দিলেন, আর দেহ নেয়া যাবে না। কারণ দাহ করার জায়গা এবং কাঠ নেই।

মনমীত বলেন, 'সরকার হাসপাতালে অক্সিজেন দিতে পারছে না। অন্তত শ্মশানে জায়গা তো দিক, যাতে পৃথিবী থেকে বিদায়টা ঠিকমতো হয়।'

বিবিসির খবরে বলা হয়, দিল্লির অবস্থা এতটাই খারাপ যে, খোলা মাঠ, পার্ক এমনকি গাড়ি পার্কিংয়ের জায়গাতেও অস্থায়ী শ্মশান তৈরির ব্যবস্থা করা হচ্ছে। তারপরেও মরদেহ নিয়ে তীব্র গরম আর চিতার আগুণের হলকার মধ্যে পিপিইতে মোড়া স্বজনদের ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করতে হচ্ছে।

প্রতিবেদনে বলা হয়, দিল্লির সারাই কালে খান শ্মশানের ভেতর খালি জায়গায় গত কদিনে নতুন ২৭টি দাহ করার বেদি তৈরি করা হয়েছে। শ্মশানটির লাগোয়া পার্কে আরও ৮০টি বেদি তৈরি হয়েছে।

এদিকে যমুনা নদীর তীর ঘেঁষা এলাকাগুলোতে অস্থায়ী শ্মশান তৈরির জন্য জায়গা খুঁজছে দিল্লি পৌর কর্তৃপক্ষ।

দিল্লিতে বিবিসি হিন্দি ভাষা বিভাগের সংবাদদাতা জুবায়ের আহমেদ তিনটি শশ্মান ঘুরে এসে জানান, জীবনে একসঙ্গে এত চিতা জ্বলতে তিনি দেখেননি। শবদেহগুলো সবই কোভিড রোগীদের।

এদিকে ভারতে বৃহস্পতিবার (২৯ এপ্রিল) করোনায় মৃত্যু ও শনাক্তে অতীতের সব রেকর্ড ভেঙেছে।

গত ২৪ ঘণ্টায় দেশটিতে নতুন করে মারা গেছেন তিন হাজার ৬৪৫ জন। আক্রান্ত হয়েছেন তিন লাখ ৭৯ হাজারের বেশি মানুষ। এর ফলে দেশটিতে মোট মৃত্যুর সংখ্যা দাঁড়াল ২ লাখ ৪ হাজার ৭৩২ জনে।

এক দশক পরেও শেষ হয়নি ছোট সেতু নির্মাণ, ব্যয় বেড়েছে ৬২%

শীতলক্ষ্যা নদীর ওপর নির্মাণাধীন তৃতীয় শীতলক্ষ্যা সেতুর দৈর্ঘ্য সোয়া কিলোমিটারের মতো। প্রকল্প অনুমোদনের ১০ বছর পেরিয়ে গেলেও এর নির্মাণকাজ শেষ হয়নি।

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) ২০১০ সালে পদ্মা সেতু ও তৃতীয় শীতলক্ষ্যা সেতু প্রকল্প অনুমোদন দেয়। নদীর পরিস্থিতি অনুকূল থাকার পরও মাত্র ১ দশমিক ২ কিলোমিটার দৈর্ঘ্যের তৃতীয় শীতলক্ষ্যা সেতুর কাজ এখনো শেষ হয়নি।

গুরুত্ব-প্রয়োজনীয়তা, নকশা ও নির্মাণশৈলীর দিক থেকে পদ্মা সেতুর সঙ্গে তৃতীয় শীতলক্ষ্যা সেতুর তুলনা হয় না। তবে নারায়ণগঞ্জের বন্দর উপজেলায় নির্মাণাধীন শীতলক্ষ্যা সেতুটির গুরুত্বও নেহাত কম নয়। কারণ, সেতুটি হলে চট্টগ্রাম ও সিলেট বিভাগের সঙ্গে দক্ষিণাঞ্চলের যোগাযোগ সহজ হবে। এ ছাড়া নারায়ণগঞ্জ সদরের সঙ্গে বন্দর উপজেলারও সংযোগ ঘটবে।

বর্তমানে প্রতিদিন বন্দর উপজেলার প্রায় এক লাখ মানুষকে নৌকা ও ট্রলারে করে নারায়ণগঞ্জ সদরে আসা-যাওয়া করতে হয়। এতে প্রতিনিয়ত যেমন ভোগান্তি থাকে, তেমনি মাঝেমধ্যে দুর্ঘটনার ঘটনাও ঘটে।

এই সেতুর কাছেই ৪ এপ্রিল বেপরোয়া গতিতে চালিয়ে আসা একটি কার্গো জাহাজ চাপা দেয় ছোট লঞ্চকে। এতে ৩৪ জনের মৃত্যু হয়। নৌযানচালক ও সংশ্লিষ্ট ব্যক্তিদের দাবি, জাহাজটির গতি যেমন বেপরোয়া ছিল, তেমনি সেতুর কাছে নৌপথ সংকুচিত হওয়াও দুর্ঘটনার একটি কারণ। লঞ্চ দুর্ঘটনার তদন্তে গঠিত বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষের (বিআইডব্লিউটিএ) কমিটির প্রতিবেদনেও দুর্ঘটনার অনেকগুলো কারণের একটি হিসেবে সংকুচিত নৌপথকে দায়ী করেছিল।

১০ বছরেও কেন তুলনামূলক ছোট এই সেতুর নির্মাণকাজ শেষ না হওয়ার কারণ হল বাংলাদেশ সরকারের খামখেয়ালি। ফলে প্রকল্পটির ব্যয় ও মেয়াদ বাড়াতে হয়েছে।

সড়ক পরিবহন মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, তৃতীয় শীতলক্ষ্যা সেতু প্রকল্পটি পাস করার সময় এর ব্যয় ধরা হয় ৩৭৭ কোটি টাকা। এর মধ্যে এসএফডি ৩১২ কোটি টাকা ঋণ এবং সরকারের ৬৫ কোটি টাকা জোগান দেওয়ার কথা। পরের বছর সংস্থাটির সঙ্গে ঋণচুক্তি সই হয়। ২০১৩ সালের মধ্যে সড়ক ও জনপথ (সওজ) অধিদপ্তরের সেতুটির নির্মাণকাজ শেষ করার কথা ছিল।

নির্ধারিত সময়ে সেতুর কাজ শেষ করতে না পারায় ৩৭৭ কোটি টাকার প্রকল্প এখন ৬১০ কোটি টাকায় গিয়ে ঠেকেছে। খরচ বেড়েছে ২৩৩ কোটি টাকা, যা শুরুর ব্যয়ের চেয়ে ৬২ শতাংশ বেশি। বাড়তি ব্যয়ের বড় অংশ জোগান দিতে হবে সরকারের তহবিল থেকে। নতুন ব্যয় কাঠামো অনুযায়ী, সরকার দেবে ২৬৫ কোটি টাকা, যা আগে ছিল ৬৫ কোটি টাকা। আর এসএফডি দেবে ৩৪৫ কোটি টাকা।

প্রকল্পের সার্বিক কাজ এখনো ২৫ শতাংশ বাকি। এ কারণে প্রকল্পের মেয়াদ ২০২৩ সালের জুন পর্যন্ত বাড়ানোর জন্য পরিকল্পনা কমিশনে চিঠি দিয়েছে সওজ অধিদপ্তর। সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রকল্পের নথিপত্র সূত্র জানাচ্ছে, এই প্রকল্পে পরামর্শক ও ঠিকাদার নিয়োগ দিতেই লেগে যায় সাত বছর। কারণ, সেতুর নির্মাণ ঠিকাদার ও পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ নিয়ে ২০১০ থেকে ২০১৭ সাল পর্যন্ত সরকারের সঙ্গে অর্থায়নকারী সংস্থা এসএফডির টানাপোড়েন চলে। কালক্ষেপণ করে এভাবে ব্যয় বাড়ানো একটা অভ্যাসে পরিণত হয়েছে সরকারের। জনগণের ভোগান্তি হলেও নিজেদের আখের গোছানোই যেন মুল উদ্দেশ্য। প্রথম আলো

গ্রেফতারের কারণ জানতে চাইলে হারুন ইজহারের বড় ছেলেকে লাথি, ছোট ছেলেকে জোরে থাপ্পড়

সদ্য বিলুপ্ত হেফাজতে ইসলাম বাংলাদেশের কেন্দ্রীয় শিক্ষা ও সংস্কৃতি সম্পাদক মুফতি হারুন ইজহারকে গ্রেফতার করেছে র‍্যাব। বুধবার (২৮ এপ্রিল) রাত আনুমানিক সাড়ে এগারোটার দিকে চট্টগ্রামের লালখান বাজার মাদরাসার পাশে তার বাসা থেকে তাকে গ্রেফতার করা হয়।

লালখান বাজার মাদরাসার শিক্ষক সিরাজুল মোস্তফা ফেস দ্যা পিপলকে এসব তথ্য নিশ্চিত করেন। তিনি বলেন, রাত আনুমানিক সাড়ে এগারোটার কিছু আগে র‍্যাবের একটি দল লালখান বাজার মাদরাসা ঘেরাও করে। পরে মাদরাসার উত্তরপাশে ইফতা বিভাগের নিচে হারুন ইজহারের বাসা ঘেরাও করে তাকে বের করে নিয়ে আসা হয়।

উনার পারিবারিক সূত্রে জানা গেছে, প্রশাসনের লোকেরা গ্রেফতার করতে এসে সরাসরি উনার বাসার একদম ভেতরে ঢুকে পড়ে। উনার পর্দানশীন আহলিয়াকে বোরকা পড়ার সুযোগটা পর্যন্ত দেয়নি। এমনকি হারুন ইযহার সাহেব বাসায় যে অবস্থায় ছিল সে অবস্থায়ই নিয়ে যেতে চায়। পাঞ্জাবীটাও পড়তে দিতে চায় নি।
নিয়ে যাওয়ার সময় হারুন ইযহার সাহেবের ট্যাব সহ যাবতীয় ডিভাইস দেওয়ার জন্য জোর করতে থাকে। উনার আহলিয়া দিতে না চাইলে অকথ্য ভাষায় গালিগালাজ করে।
শায়েখের বড় ছেলে আম্মার এসে পুলিশের পায়ে পড়ে বলে, "আব্বা তিন বছর জেলে কষ্ট করেছেন। উনি এখন জামিনে আছেন। এভাবে তাকে নিয়ে যাবেন না"। র্যাব আম্মারকে লাথি মেরে ফেলে দেয়।
ছোট ছেলে আইমান সামনে এসে দাড়ালে তাকে এত জোরে থাপ্পড় মারে যে তার চশমা বাকা হয়ে যায়।

জামিনে থাকা একজন ব্যক্তিকে কোন ওয়ারেন্ট ছাড়া প্রশাসন এভাবে গ্রেফতার করতে পারে কিনা সে প্রশ্ন তোলার পরিবেশও আমাদের দেশে নেই। উনি একজন বড় মাপের আলেম। যদি ধরেও নেই হারুন ইযহার সাহেব অপরাধী, এরপরও কি এসব নির্যাতনের বৈধতা দেওয়া যায়? এসবের বিচার কি আল্লাহ করবেন না?

এরকমভাবে প্রশ্ন তুলেছেন সোস্যাল মিডিয়ায় অনেকেই!

সরকার কেমন যেন সাধারণ জনগণের সাথে ইচ্ছাকৃতভাবেই সংঘর্ষে জড়াতে চাচ্ছে! একে একে সত্যের উপর থাকা সকল আলিমদের টার্গেট করে এগোচ্ছে মাফিয়া হাসিনা সরকার।

এর কারণ হিসেবে মোদির হিন্দুত্ববাদী এজেন্ডা বাস্তবায়নের কথাই চলে আসছে সবার আগে।

মধ্যরাতে মুফতি হারুন ইজাহারকে তুলে নিয়ে গেছে সন্ত্রাসী র‍্যাব

চট্টগ্রামে হেফাজতে ইসলামের বিলুপ্ত কমিটির শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক সম্পাদক মুফতি হারুন ইজাহারকে র‍্যাব আটক করেছে বলে জানিয়েছে তাঁর ব্যক্তিগত সহকারী। তবে র‍্যাবের কাছ থেকে বিষয়টি নিশ্চিত হওয়া যায়নি।

হারুন ইজহারের ব্যক্তিগত সহকারী মোহাম্মদ ওসমান সাংবাদিকদের জানান, বুধবার দিবাগত রাত বারোটার দিকে নগরের লালখান বাজার মাদ্রাসা থেকে র‍্যাব তাঁকে আটক করে। তিনি ওই মাদ্রাসার শিক্ষক।

গত ২৬ শে মার্চ কথিত সহিংসতার অভিযোগ তুলে চট্টগ্রামের হাটহাজারীর পটিয়ায় হেফাজতের নেতা কর্মীদের বিরুদ্ধে দশটি মামলা হয়। এতে প্রায় ছয় হাজার জনকে আসামি করা হয়। এ পর্যন্ত গ্রেপ্তার হন প্রায় ৪০ এর অধিক নেতা কর্মী।

---

১২ কেজি গাঁজাসহ পুলিশ এসআই আটক

১২ কেজি গাঁজাসহ পাবনা সদর থানার উপ-পরিদর্শক (এসআই) ওছিম উদ্দিনকে আটক করা হয়েছে। গত সোমবার বিকেলে পাবনার পুলিশ সুপার তাকে আটক করেন। বুধবার বিষয়টি জানাজানি হয়।

আটককৃত এসআই ওছিম উদ্দিনকে জেলা কারাগারে পাঠানো হয়েছে। পাবনার অতিরিক্ত পুলিশ সুপার মাসুদ আলম এ তথ্য নিশ্চিত করেছে।

পাবনার পুলিশ সুপার মহিবুল ইসলাম খান জানতে পারে সদর থানার উপ-পরিদর্শক ওছিমের নিকট গাঁজা রয়েছে। পরে সোমবার বিকেলে সদর থানায় গিয়ে এসআই ওছিমের ব্যক্তিগত ক্যাবিনেট থেকে ১২ কেজি গাঁজা উদ্ধার করে।

শ্রীলঙ্কায় বোরকা নিষিদ্ধের অনুমোদন দিল মন্ত্রিসভা

শ্রীলঙ্কার মন্ত্রিসভা জনপরিসরে মুখ ঢেকে রাখা বোরকা পরায় নিষেধাজ্ঞা আরোপের প্রস্তাবে অনুমোদন দিয়েছে। যদিও এই নিষেধাজ্ঞা আন্তর্জাতিক কুফরি আইনেরও পরিপন্থী হতে পারে বলে মন্তব্য করেছে জাতিসংঘের এক বিশেষজ্ঞ।

মঙ্গলবার সাপ্তাহিক সভায় জননিরাপত্তা বিষয়ক মন্ত্রী সারাথ ভিরাসেকারার উত্থাপিত এই প্রস্তাবের অনুমোদন দেয় ক্যাবিনেট। নিজের ফেসবুক পেজে এই তথ্য জানায় ভিরাসেকারা।

প্রস্তাবটি এখন অ্যাটর্নি জেনারেলের বিভাগে পাঠানো হবে এবং আইন হিসেবে পাস হতে সংসদে অনুমোদিত হতে হবে। সংসদে আইনটি সহজেই পাস হবে বলে মনে করা হচ্ছে, কারণ সংসদের সংখ্যাগরিষ্ঠ আসনের দখল রয়েছে সরকারের।

মুসলিম নারীদের ধর্মীয় পোশাক বোরকাকে ভিরাসেকেরা 'ধর্মীয় চরমপন্থার পরিচায়ক' বলে উল্লেখ করেছে।

২০১৯ সালে শ্রীলঙ্কায় বোরকা সাময়িকভাবে নিষিদ্ধ করে দিয়েছিল সরকার।

গত মাসে, শ্রীলঙ্কায় নিযুক্ত পাকিস্তানি রাষ্ট্রদূত সাদ খাত্তাক টুইটারে বলেন, এই নিষিদ্ধকরণ মুসলিমদের অনুভূতিতে আঘাত করবে।

জাতিসংঘের ধর্ম ও বিশ্বাসের স্বাধীনতা বিষয়ক বিশেষ প্রতিনিধি আহমেদ শাহেদ এক টুইটার পোস্টে বলেছেন, এই নিষেধাজ্ঞা আন্তর্জাতিক আইন এবং ধর্মীয় মত প্রকাশের অধিকারের সঙ্গে সামঞ্জস্য নয়।

প্রায় ২ কোটি ২০ লাখ জনসংখ্যার দেশ শ্রীলঙ্কায় ৯ শতাংশ জনগোষ্ঠী মুসলিম। বৌদ্ধ জনগোষ্ঠীর পরিমাণ ৭০ শতাংশ। ক্ষুদ্র জাতিসত্তার জনগোষ্ঠী তামিল রয়েছে ১৫ শতাংশ। এদের অদ্ধিকাংশই হিন্দু।

সোমালিয়া | আশ-শাবাবের শহিদী হামলায় ২৫ এরও বেশি সৈন্য হতাহত

পূর্ব আফ্রিকার দেশ সোমালিয়ায় দেশটির মুরতাদ বাহিনীর বিরুদ্ধে সফল ইস্তেশহাদী ও বোমা হামলা চালিয়েছেন শাবাব মুজাহিদিন। এতে ১০ মুরতাদ সৈন্য নিহত, ১৫ এরও বেশি সৈন্য আহত হয়েছে।

শাহাদাহ্ নিউজ এজেন্সীর সূত্রে জানা গেছে, গত ২৮ এপ্রিল বুধবার, সোমালিয়ার রাজধানী মোগাদিশুতে একটি সফল শহিদী হামলা চালিয়েছেন হারাকাতুশ শাবাবের একজন আল্লাহ্ ভীরু সাহসী মুজাহিদ। যার ফলে ৭ মুরতাদ সৈন্য নিহত এবং ১৩ এরও বেশী সৈন্য আহত হয়েছে।

সূত্রটি আরো জানায়, রাজধানী মোগাদিসুতে প্রিজন গার্ড বাহিনীর সদর দফতরকে লক্ষ্য করে গাড়ি বোমা হামলার মাধ্যমে উক্ত শহিদী অভিযানটি চালানো হয়েছে। ইস্তেশহাদী মুজাহিদ এমন সময় বিস্ফোরণ ঘটান, যখন সদর দপ্তর প্রান্তরে সেনাবাহিনীর বৈঠক চলছিল।

শাহাদাহ্ নিউজের তথ্য অনুযায়ী, এদিন বে-বুকুল রাজ্যের বাইদাউয়ে শহরে মুরতাদ বাহিনীর একটি সামরিক কাফেলা লক্ষ্য করে সফল বোমা হামলা চালিয়েছেন হারাকাতুশ শাবাব মুজাহিদিন। এতে ৩ মুরতাদ সৈন্য নিহত এবং আরো ২ সৈন্য আহদ হয়েছে। আলহামদুলিল্লাহ্

২৮শে এপ্রিল, ২০২১

ভিক্টোরি ফোর্স-২ শিরোনামে সামরিক মহড়ার ভিডিও প্রকাশ করল তালিবান

ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের সাংস্কৃতিক কমিশন কর্তৃক তালেবানদের অফিসিয়াল আল-হিজরাহ স্টুডিও প্রকাশ করল সর্বাধিক উৎসাহমূলক সামরিক মহড়ার নতুন ভিডিও। 'ভিক্টোরি ফোর্স-২' (বিজয় বাহিনী) শিরোনামে এই ভিডিওটি ৩৯:১৫ মিনিট পর্যন্ত চলবে। এর আগে গত বছরের অক্টোবর মাসে এই সিরিজের ৪১ মিনিটের প্রথম কিস্তি প্রকাশ করেছিল 'মানবাউল-জিহাদ স্টুডিও'।

ইংরেজি সাবটাইটেলে পুশ্তুভাষী নতুন প্রকাশিত ৩৯ মিনিটেরও অধিক সময় যাবৎ চলা দীর্ঘ এই ভিডিওটিতে তালিবান কর্তৃক (আল-ফাতাহ্ সামরিক ক্যাম্প) পরিচালিত সেরা সামরিক অনুশীলন ও উন্নত সামরিক মহড়ার হৃদয় প্রশান্তিকর দৃশ্যাবলী দেখানো হয়েছে। ভিডিওটিতে এমন কিছু সামরিক প্রশিক্ষণের দৃশ্যও দেখানো হয়েছে, যা তালেবানদের সামরিক মহড়ায় এর আগে কখনও দেখানো হয়নি। এক বাক্যে বলা যায়, ভিডিওটি তালেবান যোদ্ধাদের কঠোর অনুশীলনের নতুন সংস্করণ।

https://alfirdaws.org/2021/04/28/48862/

উসমান বাতুরঃ আলতাই পর্বতমালার ঈগল

উসমান বাতুরকে গ্রেফতারের ৭০ বছর পার হলো কয়েকদিন পূর্বে। ১৯৫১ সালের ২৮ এপ্রিল, ঔপনিবেশিক রাশিয়া ও পূর্ব তূর্কিস্তানে স্বৈরাচারী কমিউনিস্টদের বিরুদ্ধে দুর্ভেদ্য প্রতিরোধ গড়ে তোলা কাজাক মুসলিম বীর উসমান বাতুরকে চীনা প্রশাসন গ্রেফতার করে।

মুসলিম এই ঈগলের প্রকৃত নাম উসমান ইসলামগ্লু। অদম্য সাহসিতার দরুন মানুষ তাকে "উসমান বাতুর" বলেই ডাকতে বেশি ভালোবাসত! "বাতুর" শব্দের অর্থ "সাহসী / বীর"

কাজাকের আলতাই অঞ্চলের কোকতোগায় এর অন্তর্গত ওংদিরকারায় এক মধ্যবিত্ত কৃষক পরিবারে ১৮৯৯ সালে উসমান বাতুর জন্মগ্রহণ করেন। তিনি ছিলেন কাজাখ আইতুভগান গোত্রের। তার পিতা ছিলেন ইসলাম বে। তার শৈশব কেটেছে দ্বীনি পড়ালেখা করে। যুবক বয়সে তিনি বোকে বাতুর নামের এক উস্তাদের কাছ থেকে গেরিলা যুদ্ধকৌশল আয়ত্ত করেন। পাশাপাশি তিনি ঘোড়সওয়ারি এবং মার্শাল আর্টেও নৈপুণ্য প্রদর্শন করেন। তিনি ছিলেন দক্ষ ঘোড়সওয়ার, অভিজ্ঞ শিকারি এবং সম্মুখ ও গেরিলা যুদ্ধে অভিজ্ঞ এক টগবগে তরুণ।

মুসলিম জাতিগোষ্ঠীর উপর ঔপনিবেশিক রাশিয়া আর চীনের আগ্রাসন ছোটবেলা থেকেই উসমানের হৃদয়ে গভীরভাবে দাগ কাটে। তিনি বেশ কয়েকবার চীনা সাম্রাজ্যের বিরুদ্ধে ছোটো-বড় আন্দোলনে অংশ নেন।মধ্য এশিয়ার বিস্তৃর্ণ আলতাই পর্বতমালা ও পূর্ব তূর্কিস্তানের মজলুম মুসলিমদের অধিকার আদায়ের লক্ষে ১৯১১ সালে শ্বেত ভল্লুক রাশিয়া আর চাইনিজদের বিরুদ্ধে তিনি পর্বতসম প্রতিরোধী আন্দোলন গড়ে তোলেন। তার ৩ ছেলে শারদিমান, নিয়ামতউল্লাহ ও নবী তার সাথে কাঁধে কাঁধ মিলিয়ে ১৯৪১ সালে রুশ ভল্লুকদের বিরুদ্ধে জিহাদে অংশ নেন। আলতাই পর্বতমালায় খনিজ সম্পদ লুট করতে আসা রুশদের উপর ১৯৪১ সালের ১০ মে ওসমান বাতুর তাঁর সাথীদের নিয়ে ঝাঁপিয়ে পড়েন। অনেক রাশিয়ানদের সেদিন গুলি করে হত্যা করা হয়। একদিকে চীনা, অপরদিকে রাশিয়ানরা অনেক সামরিক চাপ প্রয়োগ করা স্বত্বেও উসমানদের আন্দোলনকে দমন করতে পারেনি। ১৯৪২ সালের মার্চ থেকে ১৯৪৩ এর এপ্রিলের মধ্যে উসমানের নেতৃত্বে চীনের বিরুদ্ধে অনেকগুলো অভিযান চালানো হয়, যার ফলে চীন ব্যাপক ক্ষয়ক্ষতির সম্মুখীন হয়। না পেরে চীন উসমানের দ্বিতীয় স্ত্রী, ৩ পুত্র ও ৫ কন্যাকে কারাগারে নিক্ষেপ করে। এরপর তার একমাত্র ভাই দেলিলহান ইসলামোগ্লু কে ১৯৪২ সালে শহীদ করে দেয়।

১৯৪৩ সালের ২২ই জুলাই বুলগুনের একটি অনুষ্ঠানে উসমান বাতুরকে আলতাই কাজাকের মজলুম জনগণের শাসক হিসাবে ঘোষণা করা হয়। তারপর আর তাকে পিছু ফিরে তাকাতে হয়নি। মুসলিম ভূমি উদ্ধারের অদম্য স্পৃহা তাকে প্রচন্ড আন্দোলিত করতে থাকে। মজলুমদের অধিকার ফিরিয়ে আনার বাসনায় ছুটে চলা দিগ্বিজয়ী উসমান ১৯৪৫ সালে হাতে গোনা কয়েকটি শহর ব্যতীত সমগ্র পূর্ব তূর্কিস্তানকে চাইনিজ দখলদারিত্ব থেকে মুক্ত করেন। পরিস্থিতি সামাল দিতে গিয়ে দখলদার চাইনিজরা দিশেহারা হয়ে পড়ে। উসমান বাতুরের বিজয়াভিযান রুখতে তারা উক্ত অঞ্চলে সদলবলে অভিযান চালায়।

আধুনিক যুদ্ধাস্ত্র আর অধিক সংখ্যক সৈন্য নিয়ে আক্রমণের ফলে অবশেষে ১৯৫১ সালে চাইনিজরা কানাম্বালে উসমান বাতুরকে অবরুদ্ধ করতে সক্ষম হয়। তারা তাকে গ্রেফতার করে পূর্ব তূর্কিস্তানের উরুমকিতে নিয়ে আসে। পরদিন অর্থাৎ ২৯ শে এপ্রিল ১৯৫১ সালে দখলদার চীনা প্রশাসন উসমান বাতুরকে জনসম্মুখে গুলি করে শহীদ করে দেয়।

আর এর মাধ্যমেই একটি জাতির বহু কাঙ্ক্ষিত স্বাধীনতার সূর্য অস্তনমিত হয়ে আসে।

গ্রেফতারের পূর্ব মুহূর্তে সাহসী বীর উসমান বাতুরের মুখসৃত শেষ উক্তিটি নির্যাতিত মুসলিম উম্মাহকে আজো প্রেরণা যোগায়ঃ-

"আমি মৃত্যুবরণ করতে পারি, কিন্তু জেনে রাখো! কিয়ামত অবধি আমার জাতি জিহাদ চালিয়ে যাবে।"

.

উল্লেখ্য পূর্ব তুর্কিস্থানের মুসলিমদের উপর কমিউনিস্ট চায়নার অত্যাচার নির্যাতন এখনো অব্যাহত রয়েছে। ইসলামের উপর ক্র্যাকডাওন চালাচ্ছে চীন সরকার। পূর্ব তুর্কিস্থানের জনসংখ্যা আড়াই কোটির মতো। এরমধ্যে প্রায় ৩০ লাখ মুসলিমকে চীন কনসেন্ট্রেশন ক্যাম্পে আটকে রেখেছে। গণধর্ষণ, শুকূরের মাংস খেতে বাধ্য করা, মেডিকেল এক্সপেরিমেন্ট, অত্যাচার- নির্যাতন, আল্লাহকে গালি দিতে বাধ্য করা, ব্রেইনওয়াশ ইত্যাদি ক্যাম্পে বন্দী মুসলিমদের নিত্য সঙ্গী। শিশুদেরকে তাদের বাবা মার কাছ থেকে বিচ্ছিন্ন করে রেখে নাস্তিক হিসেবে গড়ে তোলা হচ্ছে। রোযা রাখা, পর্দা করা, দাড়ি রাখা, কুরআনের কপি রাখা এমনকি সালাম দেবার মতো নিরীহ আমলও নিষিদ্ধ করেছে চীন সরকার। অসংখ্য মসজিদ ধ্বংস করছে, উইঘুরদের শরীর থেকে অঙ্গ কেটে নিয়ে বিক্রি করছে, উইঘুরদের জোরপূর্বক শ্রম দিতে বাধ্য করছে। উইঘুরদের বাড়িগুলোতে প্রায় ১০ লক্ষ এজেন্ট পাঠিয়েছে চীন সরকার। এরা উইঘুরদের সাথে আত্মীয় পরিচয়ে থাকে। রাতে উইঘুর নারীদেরকে বাধ্য করে এক বিছানায় থাকতে। চীন সরকার উইঘুর মুসলিমদের নাম নিশানা মুছে দিতে চাইছে। অত্যন্ত দুঃখের বিষয় সৌদি আরব, পাকিস্তানসহ অন্যান্য মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশ একাজে চীনকে সহায়তা করছে। অন্যান্য মুসলিম দেশগুলোও নীরবতা বজায় রেখেছে। পূর্ব তুর্কিস্থানের অসহায় মুসলিমরা উসমান বাতুরের মতো একজন বীরের পথ চেয়ে রয়েছে। উসমান বাতুরের আজ বড় বেশী প্রয়োজন।

ভারতে অসুস্থ মুসলিম সাংবাদিককে হাসপাতাল বেডে হ্যান্ডকাফ পড়িয়ে অমানবিক নির্যাতন

সিদ্দীক কাপ্পান নামে এক মুসলিম সাংবাদিক গত ৫ ই অক্টোবর, ২০২০ উত্তরপ্রদেশের ধর্ষিত এক নারীর সাক্ষাৎকার নিতে গিয়ে হিন্দুত্ববাদীদের তোপের মুখে পড়েন। সিদ্দীক ১৯ বছর বয়সী ঐ দলিত নারীর পরিবারের সাক্ষাৎকার নিচ্ছিলেন, যে কিনা যোগী রাজ্যে ৪ জন ঠাকুর কর্তৃক দলগতভাবে ধর্ষিত হয়েছিল। এসময় সন্ত্রাসী যোগী আদিত্যনাথের পালিত পুলিশ বাহিনী এসে তাকে গ্রেফতার করে।

ভারতের কেলারা রাজ্যের প্রশংসিত সাংবাদিক সিদ্দীক কাপ্পানকে সামাজিক অস্থিরতা সৃষ্টির ষড়যন্ত্রের দায়ে কারাগারে প্রেরণ করা হয়।

সিদ্দীক কারাগারে থাকাকালীন সময়ে মালাউনদের অত্যাচারে গুরুতর অসুস্থ হয়ে পড়ে। পরে টেস্টের মাধ্যমে তার করোনা আক্রান্তের বিষয় ধরা পড়ে। (সিদ্দীকের দেহে করোনা ভাইরাস ইঞ্জেক্ট করা হয়েছে নাকি কারাগারের অস্বাস্থ্যকর পরিবেশে অন্য কয়েদি থেকে উনার সংক্রমণ হয়েছে, প্রকৃত তথ্য আল্লাহু আলাম।)

গত ৬ই অক্টোবর সিদ্দীকের মুক্তি চেয়ে দায়ের করা পিটিশনটি ৭ বার বিচারিক তালিকাভুক্ত থাকার পরেও বিদ্বেষী ভারতীয় আদালত অন্তত ৬ মাসের জন্য মামলাটি ঝুলিয়ে রেখেছে।

করোনায় আক্রান্ত মুমূর্ষু এই সাংবাদিক উনার স্ত্রী রায়হানা সিদ্দীককে অন্যের মোবাইল থেকে ফোন করে জানান,"হাসপাতাল কর্তৃপক্ষ তাকে টয়লেটে যেতে দিচ্ছে না। তাকে হাসপাতালের বেডের সাথে হাতকড়া দিয়ে আটকে রাখা হয়েছে, নড়াচড়া করার কোন অনুমতি নেই। হাসপাতালের বেডেই প্লাস্টিকের বোতলে তিনি প্রসাব করছেন।"

বিশ্বের মুসলিম রাষ্ট্রগুলো যখন করোনায় বিধ্বস্ত ভারতের প্রতি মানবিক সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে, তখনো করোনায় মৃত্যুপুরী ভারতে মুসলিম নির্যাতন থেমে নেই। বরং করোনা কালে হিন্দুত্ববাদী ভারতে ইসলাম বিদ্বেষ ও মুসলিম নির্যাতনের হার বহুগুণে বেড়েছে।

কথিত "লাভ জিহাদের" নামে মুসলিম যুবকদের নির্যাতন, চুরির গুজব রটিয়ে মুসলিম নিধন, গো-মাংস বহনের ধোঁয়াশা তুলে মুসলিমদের পিটিয়ে হত্যা, মুসলিমদের জোড়পূর্বক শিরকি বাক্য "জয় শ্রী রাম" বলানোর পাশাপাশি করোনায় যুক্ত হয়েছে নতুন নতুন কৌশল।

করোনার অজুহাতে আইন করে মসজিদ-মাদ্রাসাসহ দ্বীনি প্রতিষ্ঠান বন্ধ করে দেয়া, মুসল্লীদের একত্রে নামাজ পড়তে বাঁধা দেয়া, মুসলিম ব্যবসায়ীদের হিন্দু এলাকায় ব্যবসা করতে না দেয়া ও ঠুনকো অজুহাতে মুসলিমদের প্রহার করা এখন ভারত জুড়ে নিত্যনৈমিত্তিক ব্যাপার!

মোদির পরিবারে করোনা: মারা গেল চাচি

করোনাভাইরাস এবার থাবা মেরেছে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির পরিবারে। ভাইরাসটিতে আক্রান্ত হয়ে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছে তার চাচি।

মঙ্গলবার (২৭ এপ্রিল) সন্ধ্যায় তার মৃত্যু হয়। গুজরাটের আহমেদাবাদের নিউ রনিপ এলাকায় পরিবার নিয়ে থাকত মোদির কাকিমা নর্মদাবেন (৮০)। দিন কয়েক আগে কোভিড আক্রান্ত হয়েছে।

শারীরিক অবস্থার অবনতি হওয়ায় তাকে স্থানীয় সরকারি হাসপাতালে ভর্তি করা হয়। সেখানেই মৃত্যু হল তার। নরেন্দ্র মোদির ছোট ভাই প্রহ্লাদ মোদি জানায়, করোনা আক্রান্ত হওয়ার পর কাকিমা নর্মদাবেনের শারীরিক অবস্থার অবনতি হয়।

১০ দিন আগে তাকে সরকারি হাসপাতালে ভর্তি করা হয়েছিল। সেখানেই আজ তার মৃত্যু হল। মার্চের গোড়া থেকেই করোনার দ্বিতীয় ঢেউ আছড়ে পড়েছে গোটা ভারতে। হু হু করে বাড়ছে সংক্রমণ।

চিন্তা বাড়ছে সুস্থতা নিয়েও। অক্সিজেনের অভাবে হাহাকার করছে ভারত। হাসপাতালে খালি নেই বেডও। কোথাও কোথাও লাশ নিতে এ্যাম্বুলেন্সও পাচ্ছেন না স্বজনরা, বাধ্য হয়েই মোটর সাইকেল বা অন্য মাধ্যমে মৃতের লাশ নিয়ে যাচ্ছে।

এমন পরিস্থিতির জন্য ভারতের কেন্দ্রীয় বিজেপি সরকারের দূরদর্শিতার অভাবকেই দায়ী করছেন অনেকে। সূত্র: সংবাদ প্রতিদিন

২৭শে এপ্রিল, ২০২১

সরকারের অসহযোগিতার ফলে ক্রেতা নেই বিপণিবিতানগুলোতে

চলমান কথিত বিধিনিষেধে দোকানপাট-শপিং মল খোলা থাকছে রাত আটটা পর্যন্ত। এ নির্দেশনায় সোমবার সন্ধ্যায় ইফতারের পরেই রাজধানীর শপিং মল-মার্কেটগুলোতে ক্রেতার ভিড় একেবারেই কম ছিল। ব্যবসায়ীরা বলছেন, গণপরিবহন কম থাকায় ক্রেতারা মার্কেটে আসতে পারছেন না।

সোমবার সন্ধ্যার পর রাজধানীর নিউমার্কেট, গাউছিয়া, চন্দ্রিমা সুপার মার্কেট ও বসুন্ধরা সিটি শপিং কমপ্লেক্স ঘুরে দেখা গেছে, কোনো মার্কেটেই ক্রেতাদের ভিড় নেই। রাত আটটার পর দোকানগুলোর ঝাঁপি নেমে যায়। অধিকাংশ দোকানেই সন্ধ্যার পর বেচাকেনা হয়নি বলে জানিয়েছেন দোকানিরা।

নিউমার্কেটে কসমেটিকসের দোকান আছে আবুল কাশেমের। সন্ধ্যার পর থেকে দোকানে একদমই ক্রেতা নেই উল্লেখ করে তিনি বললেন, গণপরিবহন চালু না থাকায় মানুষ মার্কেটে আসতে পারছে না। কিছু মানুষ রিকশা করে অবশ্য আসছে। তবে বেচাকেনা একদমই হচ্ছে না। সন্ধ্যায় কিছু না বিক্রি করেই দোকান বন্ধ করতে হয়েছে তাঁকে।

নিউমার্কেটের ভেতরে নিচতলায় ক্রেতা একেবারেই কম ছিল। তবে নিউ সুপার মার্কেটের (দক্ষিণ) ভবনের দোতলা ও তিনতলার কয়েকটি দোকানে ক্রেতাদের উপস্থিতি ছিল। এই ভবনের একটি শার্ট ও টি–শার্টের

দোকানি মো. আলামিন প্রথম আলোকে বলেন, সন্ধ্যায় ইফতারের পর তিনি দুটি শার্ট বিক্রি করতে পেরেছেন। এভাবে বিক্রি হলে তাঁরা ক্ষতির মুখে পড়বেন।

জানতে চাইলে নিউমার্কেট ব্যবসায়ী সমিতির সভাপতি দেওয়ান আমিনুল ইসলাম বলেন, সরকারি নির্দেশনা অনুযায়ী রাত আটটা পর্যন্ত বিপণিবিতান খোলা রাখা হচ্ছে। তবে বিপণিবিতানে বেচাকেনা একদমই ধীরগতিতে চলছে। এ কারণেই হয়তো মানুষ বিপণিবিতানে কম আসছে।

করোনা নিয়ন্ত্রণে সরকারের কথিত বিধিনিষেধের কারণে ৫ এপ্রিল দোকানপাট-বিপণিবিতান বন্ধ হয়ে যায়। পরে ব্যবসায়ীদের বিক্ষোভের মুখে বৈশাখের বিক্রির জন্য ৯ এপ্রিল থেকে সীমিত পরিসরে ব্যবসাপ্রতিষ্ঠান খুলতে বাধ্য করা হয়। সকাল নয়টা থেকে বিকেল পাঁচ পর্যন্ত দোকানপাট ও বিপণিবিতান চালু আছে। তবে ১৪ এপ্রিল তা বন্ধ হয়ে যায় সরকারি নির্দেশনায়।

পরে ব্যবসায়ীদের আবারও প্রতিবাদের মুখে গত রোববার থেকে সারা দেশে দোকানপাট ও শপিং মলগুলো চালু হয়। সেদিন রাতেই ঢাকা মহানগর পুলিশের পক্ষ থেকে জানানো হয়, রাজধানীতে শপিং মল–দোকানপাট রাত নয়টা পর্যন্ত খোলা থাকবে। পরে প্রজ্ঞাপন হয়, রাত আটটা পর্যন্ত দোকান খোলা রাখা যাবে।

নিউমার্কেট থেকে বেরিয়ে গাউছিয়া মার্কেটে এসে দেখা যায়, নিচতলার দোকানগুলোতে ক্রেতাদের কিছুটা ভিড় আছে। তবে মার্কেটের ভেতরের দোকানগুলোতে একদমই ক্রেতার আনাগোনা নেই। দোকানিরা চুপচাপ বসে আছেন।
গাউছিয়া মার্কেট, ধানমন্ডি হকার্স মার্কেট–সংলগ্ন ফুটপাতে অবশ্য ক্রেতাদের উপস্থিতি ছিল। গাউছিয়া মার্কেটের সামনের সড়কে ফুটপাতে চাদর বিক্রি করছিলেন ২৬ বছর বয়সী মো. রাজু। তিনি জানান, ক্রেতার সংখ্যা একেবারেই কম। তবে তিনি সন্ধ্যার পর দুটি চাদর বিক্রি করতে পেরেছেন। সাড়ে আটটার পর তিনিও বেচাকেনা গুটিয়ে ফেলেন।

রোজার মাসে সাধারণত মার্কেটে এক দিনে প্রায় এক লাখ দর্শনার্থী আসে। সে তুলনায় আজ মার্কেটে অনেক কম দর্শনার্থী এসেছে।

প্রথম আলো

টাঙ্গাইল থেকে মিথ্যা মামলায় গ্রেফতার হেফাজত ইসলামের নেতা

মিথ্যা মামলায় হেফাজতে ইসলামের নেতা নোমানি ইসলাম হুজুরকে টাঙ্গাইল থেকে গ্রেপ্তার দেখিয়েছে হিন্দুত্ববাদী মাফিয়া বাহিনীর ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) গোয়েন্দা বিভাগ (ডিবি)। নুরুল ইসলাম নোমানি হুজুরকে গতকাল সোমবার রাতে টাঙ্গাইল থেকে গ্রেপ্তার করা হয়। তিনি ঢাকার ভাষানটেক এলাকার একটি জামে মসজিদের খতিব।

ডিবির মতিঝিল বিভাগের উপকমিশনার মো. আসাদুজ্জামান রিপনের মতে, নুরুল ইসলাম হুজুর ২০১৩ সালের ৫ মে ঢাকা অবরোধকে কেন্দ্র করে সহিংস ঘটনার ও সম্প্রতি ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ঢাকা সফরের প্রতিবাদে সহিংস বিক্ষোভের ঘটনার মতিঝিল থানার মামলার আসামি।

তাঁকে ডিবি কার্যালয়ে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে বলে রিপন জানায়। সে জানায়, নুরুল ইসলাম হুজুর হেফাজত ইসলামের কেন্দ্রীয় না ঢাকা মহানগরের নেতা সে বিষয়েও জানা হচ্ছে। প্রথম আলো

ফটো রিপোর্ট | তালেবানদের ভিক্টোরি ফোর্স-২ এর আকর্ষণীয় দৃশ্য

ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের সাংস্কৃতিক কমিশনের তত্ত্বাবধানে আল-হিজরাহ স্টুডিও কর্তৃক Victorious Force 2 (বিজয় বাহিনী-২) শিরোনামে আকর্ষণীয় একটি ভিডিও প্রকাশ করা হয়েছে।

ভিডিওটিতে তালেবান মুজাহিদদের আশ্চর্যজনক এবং নজরকাড়া মহড়া এবং দুর্লভ সামরিক প্রশিক্ষণ দেখানো হয়েছে।

ভিডিওটির আকর্ষণীয় কিছু দৃশ্য দেখুন...

https://alfirdaws.org/2021/04/27/48840/

মালি | মুজাহিদদের হামলায় জাতিসংঘের ৩ এরও বেশি সৈন্য গুরুতর আহত

মালি উত্তরাঞ্চলে ক্রুসেডার জাতিসংঘের সামরিক ঘাঁটিতে রকেট হামলা চালিয়েছে আল-কায়েদা, এতে ৩ এরও বেশি সৈন্য হতাহত হয়েছে।

বামাকো নিউজ এজেন্সীর রিপোর্ট অনুযায়ী, পশ্চিম আফ্রিকার দেশ মালিতে গত রবিবার, দেশটির উত্তরাঞ্চলীয় টেসালিট শহরে কুফফার জাতিসংঘের একটি সামরিক ঘাঁটিতে ভারী রকেট হামলা চালিয়েছেন আল-কায়েদা শাখা জামা'আত নুসরাতুল ইসলাম ওয়াল মুসলিমিনের জানবায মুজাহিদিন। এতে জাতিসংঘের কথিত শান্তিরক্ষী মিশনের ৩ সৈন্য গুরুতর আহত হয়েছে বলে জানিয়েছে জাতিসংঘের কর্মকর্তারা।

মালিতে ইউএন (UN) মিশনের মুখপাত্র (মিনুসমা) বলেছে, উত্তর মালির টেসালিট শহরে গত রবিবার বিকেলে এই হামলার ঘটনা ঘটেছে। হামলার সময় সেখানে মালিয়ান সেনা, জাতিসংঘের কথিত শান্তিরক্ষী বাহিনী এবং ক্রুসেডার ফরাসি সৈন্যরা অবস্থান করছিল। সেনাদের জাতীয়তা প্রকাশ না করে মুখপাত্র যোগ করেছে, উক্ত হামলায় জাতিসংঘের ৩ শান্তিরক্ষী "গুরুতর আহত" হয়েছে। যাদেরকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

টেসালিটের একজন স্থানীয় বাসিন্দার বরাত দিয়ে কয়েকটি সংবাদ মাধ্যম আরো জানায় যে, শিবিরটিতে বেশ কিছু ভারি রকেট হামলা চালানো হয়েছিল। যার ফলে ঘাঁটির অনেক স্থানই আগুনে পুড়ে গেছে। এসময় চাদিয়ান সেনাদের ব্যারাকেও আগুন লাগতে দেখা গেছে। তার ভাষ্যমতে, জাতিসংঘ হতাহতের যেই সংখ্যা প্রকাশ করেছে এটিকে আমি সম্পূর্ণ সঠিক মনে করিনা। এখানে হতাহতের সংখ্যা আরো বেশি হওয়ার প্রবল সম্ভাবনা রয়েছে।

পাকিস্তান | মুজাহিদদের হামলায় ৩ মুরতাদ সৈন্য নিহত

পাকিস্তানের উত্তর ওয়াজিরিস্তান ও বাজোর এজেন্সীতে মুরতাদ সেনাদের বিরুদ্ধে ২টি সফল হামলা চালিয়েছেন টিটিপির মুজাহিদগণ। এতে ২ সৈন্য নিহত এবং অপর ১ সৈন্য আহত হয়েছে।

তেহরিক-ই-তালিবান পাকিস্তানের (টিটিপি) কেন্দ্রীয় মুখপাত্র- মোহাম্মদ খোরাসানী হাফিজাহুল্লাহ্ তাঁর টুইটার বার্তায় জানান, গত সোমবার উত্তর ওয়াজিরিস্তানের স্পিন-তাল অঞ্চলে পাকিস্তানী মুরতাদ বাহিনীর উপর একটি সফল অভিযান পরিচালনা করেছেন টিটিপির জানবায মুজাহিদিন। এতে মুরতাদ বাহিনীর এক সৈন্য নিহত এবং অপর এক সৈন্য আহত হয়েছে।

তিনি আরো বলেন, কিছুদিন আগে উত্তর ওয়াজিরিস্তানে মুরতাদ বাহিনী কর্তৃক শহীদ হওয়া মুজাহিদ শহিদ জসিম (রহঃ)র প্রতিশোধ নিতেই এই অভিযান চালানো হয়েছে।

খোরাসানী হাফিজাহুল্লাহ্ আরো জানান, এদিন বাজোর এজেন্সির লুই মুম্যান্ড সীমান্ত এলাকায় মুরতাদ বাহিনীর এক সেনা সদস্যকে টার্গেট করে স্নাইপার হামলা চালিয়েছেন মুজাহিদগণ। এতে ঘটনাস্থলেই নিহত হয় উক্ত মুরতাদ সৈন্য। আলহামদুলিল্লাহ

মালি | সরকারের পালিত সন্ত্রাসী গ্রুপের উপর আল-কায়েদার হামলা, অস্ত্র ও মোটরসাইকেল গনিমত

আল-কায়েদা পশ্চিম আফ্রিকা শাখা জামা'আত নুসরাতুল ইসলাম ওয়াল মুসলিমিন তাদের নিয়ন্ত্রিত অঞ্চল ও যেসব অঞ্চলে তাদের প্রভাব রয়েছে, সেসব অঞ্চলের শান্তি ও জনসাধারণের নিরাপত্তা নিশ্চিত করতে বেশ কিছু অভিযান চালাচ্ছেন।

বিভিন্ন রিপোর্ট থেকে জানা যায়, সম্প্রতি মালিতে বিভিন্ন সন্ত্রাসী গ্রুপের উপর হামলা চালাতে শুরু করেছেন আল-কায়েদা মুজাহিদিন। হামলার কারণ সম্পর্কে বলা হয় যে, সেসব সন্ত্রাসী গ্রুপগুলো জনসাধারণকে হয়রানী

করে। তাদের মালামাল লুণ্ঠন করে। নিরপরাধ মানুষকে হত্যার মত জঘণ্যতম কাজের সাথে যুক্ত। তাই এসব সন্ত্রাসী গ্রুপগুলোকেই টার্গেট করে মুজাহিদগণ হামলা চালাচ্ছেন।

এরই ধারবাহিকতায় মালির সেগু রাজ্যের ফারাবুগু গ্রামে "ডোযো" সন্ত্রাসী গ্রুপের উপর হামলা চালিয়েছেন আল-কায়েদা শাখা জামায়াত নুসরাতুল ইসলাম ওয়াল মুসলিমীন এর মুজাহিদীনরা। এসময় মুজাহিদগণ সন্ত্রাসী গ্রুপটি থেকে অনেকগুলো স্থানীয় শটগান, শিকারী বন্দুক, গুলি এবং ৭টি মোটরসাইকেল গণিমত লাভ করেছেন।

ডোযো নামক সন্ত্রাসী গ্রুপটি উত্তর আইভোরি-কোস্ট, মালির দক্ষিণ-পূর্বাঞ্চল ও বুরকিনা ফাসোতে বসবাস করে থাকে। পূর্বে এদের পরিচয় শুধু শিকারি হলেও মালিতে ২০১৭ সাল থেকে এরা মুরতাদ সরকারের সাথে যোগ দেয় এবং সরকার এদের হাতে অস্ত্র তুলে দিয়ে নিজেদের দলে ভিড়িয়ে নেয়।

২০১৯ সালের মার্চ মাসে মালির মধ্যাঞ্চলের ওগোসাগো এবং ওয়েলিংগারা গ্রামে ফুলানি গোত্রবাসীর উপর গণহত্যা চালায় ডোযো নামক মুরতাদ সরকারের পোষা এই সন্ত্রাসী বাহিনী। তাদের নৃশংস আক্রমণের শিকার হয়ে প্রাণ হারান নারী-পুরুষ-শিশু নির্বিশেষে ১৪০ জনের বেশি নিরপরাধ মানুষ।

ক্রুসেডার ফ্রান্স ও মালি সরকার মুজাহিদদের সাথে সরাসরি যুদ্ধের ময়দানে না পেরে বর্তমানে মুজাহিদের নিয়ন্ত্রিত অঞ্চলে বিশৃঙ্খলা সৃষ্টি করতে ও মুজাহিদ সমর্থক নিরপরাধ মুসলিমদের শহিদ করতে এসব সন্ত্রাসী গ্রুপগুলোকে ব্যবহার করছে।

মুজাহিদদের বিরুদ্ধে এসব সন্ত্রাসী গ্রুপগুলোকে প্রশিক্ষণ ও অস্ত্র দিয়ে সহায়তা করছে ফান্স ও তাদের গোলাম সরকার। মূলত এজন্যই বাধ্য হয়ে সন্ত্রাসী গ্রুপগুলোর উপর প্রায়ই আক্রমণ করে থাকেন জামায়াত নুসরাতুল ইসলাম ওয়াল মুসলিমীনের জানবায মুজাহিদীনরা।

https://ibb.co/VNRsLDY

https://ibb.co/CBKSBmT
https://ibb.co/rbFxMMK
https://ibb.co/3RD1tT8
https://ibb.co/Y0Zh98N

খোরাসান | তালেবান মুজাহিদদের একাধিক হামলায় ১২৭ কাবুল সৈন্য হতাহত

আল-ফাতাহ্ অপারেশনের ধারাবাহিকতায় মুরতাদ কাবুল বাহিনীর উপর বেশ কিছু সফল হামলা চালিয়েছেন তালিবান মুজাহিদিন। এতে ১২৭ এরও বেশি মুরতাদ সৈন্য হতাহত হয়েছে।

তালেবান কর্তৃক প্রকাশিত রিপোর্ট অনুযায়ী, গত ২৬ মার্চ সকাল ৯:৪৫ মিনিটের সময়, ইমারতে ইসলামিয়ার জানবায মুজাহিদগণ উরুজান প্রদেশের দেরাদুন জেলায় মুরতাদ কাবুল বাহিনীর অত্যাচারী কমান্ডার 'শের আঘা'র অধীনস্থ একটি চেকপোস্টে হালকা ও ভারী লেজার অস্ত্র দিয়ে তীব্র হামলা চালিয়েছেন। আল্লাহ্ তা'আলার সাহায্যে মুজাহিদগণ অল্প সময়ের মধ্যেই চেকপোস্টটি বিজয় করেন, হত্যা করেন ৬ সৈন্যকে, আহত হয় আরো ৫ মুরতাদ সৈন্য। এছাড়াও অভিযান শেষে শের-আঘাকে আহত অবস্থায় মুজাহিদগণ জীবিত বন্দি করেছেন।

তবে এই অভিযানে দুজন মুজাহিদ ভাই শাহাদাত বরণ করেছেন। اناالله وانااليه راجعون

এদিন খোস্ত প্রদেশের নাদিরশাহ জেলাতেও মুরতাদ কাবুল বাহিনীর ২টি পোস্টে হামলা চালিয়ে তা বিজয় করে নিয়েছেন মুজাহিদগণ। এতে ৫ মুরতাদ সৈন্য নিহত এবং ৬ এরও বেশি সৈন্য আহত হয়েছে।

একইভাবে লোঘার প্রদেশের মুহাম্মদ আগা ও জাহেদাবাদ এলাকায় দুপুর ২ টা ও বিকাল ৫ টায় , মুরতাদ কাবুল সৈন্যদের বিরুদ্ধে আরো ২টি পৃথক অভিযান চালিয়েছেন মুজাহিদগণ। যার ফলে ১০ মুরতাদ সৈন্য নিহত এবং ৩ এরও অধিক মুরতাদ সৈন্য আহত হয়েছে। ধ্বংস হয়েছে মুরতাদ বাহিনীর ২টি সাঁজোয়া যান ও অনেক সরঞ্জামাদি।

এমনিভাবে বলখ প্রদেশের কেন্দ্রীয় জেলা বলখ ও আলম-খাইল এলাকায় দুপুর বেলা ও বিকাল বেলায় মুরতাদ কাবুল বাহিনীর উপর ৩টি সফল অভিযান চালিয়েছেন তালেবান মুজাহিদগণ। যাতে ৩ কমান্ডারসহ ১৮ মুরতাদ সৈন্য নিহত এবং আরো ১৫ মুরতাদ সৈন্য আহত হয়েছে। মুজাহিদদের হামলায় ধ্বংস হয়েছে মুরতাদ বাহিনীর ৩টি ট্যাঙ্ক।

এদিকে রাজধানী কাবুলের দেহ-সাবাজ জেলায় মুরতাদ কাবুল সরকারের গুপ্তচর নেটওয়ার্কের চতুর্থ বিভাগের কয়েকটি গাড়িতে হামলা চালিয়েছেন মুজাহিদগণ। এতে গোয়েন্দা সদস্যদের ৩টি গাড়ি ধ্বংস এবং ১০ এরও অধিক গোয়েন্দা সদস্য হতাহত হয়েছে।

বেলা তিনটায় রাজধানীর মুসাহী জেলা ও কারবাগ জেলায় মুরতাদ বাহিনীর ২টি চেকপোস্টে কমান্ডারদের টার্গেট করে সফল ড্রোন হামলাও চালিয়েছেন তালেবান মুজাহিদিন। এতে ৩ কমান্ডারসহ বেশ কিছু মুরতাদ সৈন্য নিহত হয়েছে।

এর আগে ভোর ৬টায় হেরাত প্রদেশের দায়াদি ও আবদুল গনী এলাকায় মুরতাদ কাবুল বাহিনীর উপর ২টি সফল হামলা চালিয়েছেন মুজাহিদগণ। এসময় মুজাহিদদের হাতে ২ সৈন্য বন্দী হওয়া ছাড়াও ৪ সৈন্য নিহত এবং আরো ৩ সৈন্য আহত হয়েছে।

একইভাবে এদিন দুপুর ১২টায় গজনী প্রদেশের কেন্দ্রীয় শহর ও দাহ-এক এলাকায় মুরতাদ কাবুল বাহিনীর বিরুদ্ধে আরো ২টি অভিযান পরিচালনা করেছেন মুজাহিদগণ। এতে ৫ সৈন্য নিহত এবং ৪ সৈন্য আহত হয়েছে।

অপরদিকে এদিন নানগারহার, বদাখশান, লাগমান ও জাউজান প্রদেশে মুরতাদ বাহিনীর বিরুদ্ধে আরো ৫টি সফল অভিযান পরিচালনা করেছেন তালেবান মুজাহিদগণ। যার ফলে ১৭ মুরতাদ সৈন্য নিহত এবং আরো ৮ মুরতাদ সৈন্য আহত হয়েছে।

আলহামদুলিল্লাহ্, মুজাহিদগণ প্রতিটি অভিযান শেষেই মুরতাদ বাহিনী থেকে বিপুল পরিমাণ গনিমত লাভ করেছেন।

মালি | আল-কায়েদার হামলায় বেশ কিছু সন্ত্রাসী মিলিশিয়া নিহত, ১০টি মোটরবাইক গনিমত

আফ্রিকার দেশ মালির মোপ্তি রাজ্যে একটি স্থানীয় সন্ত্রাসবাদী মিলিশিয়া গ্রুপের উপর বাধ্য হয়ে হামলা চালিয়েছেন আল-কায়েদা মুজাহিদিন। এতে বেশ কিছু সন্ত্রাসী নিহত হয়েছে। মুজাহিদগণ জব্দ করেছেন অনেক অস্ত্র ও মোটরবাইক।

আঞ্চলিক সূত্র থেকে জানা গেছে, মালির মোপ্তি প্রদেশের বানদিয়াগারা অঞ্চলে স্থানীয় সন্ত্রাসবাদী "দান-না-আমবাসাগোউ" মিলিশিয়ার আস্তানায় বাধ্য হয়ে হামলা চালিয়েছেন আল-কায়েদা শাখা জামায়াত নুসরাতুল ইসলাম ওয়াল মুসলিমীনের মুজাহিদীনগণ। এসময় বেশ কিছু মিলিশিয়া নিহত হওয়ার পাশাপাশি মুজাহিদগণ অনেকগুলো মোটরসাইকেল ও বিভিন্ন মডেলের অস্ত্র এবং গুলি গণিমত লাভ করেছেন।

এই মিলিশিয়া বাহিনীর সদস্যরা প্রায়ই অন্যান্য নিরপরাধ মুসলিম গোত্রগুলোর উপর আক্রমণ করে জানমালের ক্ষতিসাধন করে। এজন্য মুজাহিদীনরা বিভিন্ন সময় জনসাধারণের নিরাপত্তা নিশ্চিত করতে গিয়ে বাধ্য হয়ে এদের উপর আক্রমণ করে থাকেন। এসব মিলিশিয়ারা বন-জঙ্গলে শিকার করে এবং ডাকাতি ও লুটতরাজ করে।

আঞ্চলিক বিশ্লেষকদের দেয়া তথ্যের ভিত্তিতে জানা গেছে, ২৩শে এপ্রিল মধ্যরাতে বানদিয়াগারা অঞ্চলের জোমবোলো কানডা গ্রামে দান-না-আমবাসাগোউ এর একটি আস্তানায় এই হামলা চালান মুজাহিদীনরা। তাদের পরিকল্পিত আক্রমণে অল্প সময়েই ৩ সন্ত্রাসী নিহত হয় এবং বাকিরা পালিয়ে যায়।

মুজাহিদ সমর্থক একাউন্টগুলোর রিলিজ করা ভিডিওতে দেখা গেছে, প্রায় ৮-১০টি মোটরসাইকেল, Zastava-M70 মডেলের রাইফেল এবং স্থানীয়ভাবে তৈরি শিকারের রাইফেল গণিমত লাভ করেছেন মুজাহিদীনরা।

https://ibb.co/C8DLQYM
https://ibb.co/FqwVDK4
https://ibb.co/qr54DK5
https://ibb.co/LRq5mB4

২৬শে এপ্রিল, ২০২১

আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে বাড়ি ভাঙচুর করে আটক চেয়ারম্যান-মেম্বার

বাড়িঘর ভাঙচুর ও প্রতিপক্ষের লোকজনকে মারধর করে ফরিদপুরের বোয়ালমারী উপজেলা বিআরডিবির চেয়ারম্যান ও এক ইউপি সদস্য ধরা খেয়েছে।

থানা ও স্থানীয় সূত্রে জানা যায়, গত ২৩ এপ্রিল রাতে বোয়ালমারী উপজেলা বিআরডিবির চেয়ারম্যান, ময়না ইউনিয়নের বানিয়াড়ী গ্রামের বাসিন্দা নবীর হোসেন চুন্নু (৫০) ও ময়না ইউনিয়ন ৫নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য মো. জামাল মোল্যার (৪৫) নেতৃত্বে তাদের প্রতিপক্ষ বানিয়াড়ী গ্রামের পান্নু শেখ, নওশের শেখসহ ৬টি বসতবাড়িতে ভাঙচুর চালিয়ে তাদের লোকজনদের মারধর করে। এ ঘটনায় রবিবার পান্নু শেখ বাদী হয়ে নবীর হোসেন চুন্নুকে ১নম্বর ও মো. জামাল মোল্লাকে ২নম্বর আসামি করে ২৫ জনের নামে মারামারি ও ঘরবাড়ি ভাঙচুরের অভিযোগ এনে মামলা দায়ের করেন।

সোমবার দুপুরে মামলার তদন্ত কর্মকর্তা থানার উপপরিদর্শক আক্কাচ আলী বলেন, বাড়ি ঘরে হামলা ভাঙচুরের ঘটনায় মামলা হয়েছে। মারামারি ঘটনার সত্যতা নিশ্চিত করে ময়না ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাসির মো. সেলিম বলেন, আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে বানিয়াড়ী গ্রামে দুই গ্রুপের মধ্যে মারামারি হয়েছে। চেষ্টা করেছিলাম মীমাংসা করে দেওয়ার শেষ পর্যন্ত তা সম্ভব হয়নি। পরে এ ঘটনায় মামলা হয়েছে। কালের কণ্ঠ

শহীদবাড়িয়ায় হেফাজতের সহকারী প্রচার সম্পাদক গ্রেপ্তার

ব্রাহ্মণবাড়িয়ায় ঘটনায় জড়িত থাকার কথা বলে হেফাজতে ইসলামের এক নেতাকে গ্রেপ্তার করেছে আওয়ামী পুলিশ। তিনি হলেন, সংগঠনটির সহকারী প্রচার সম্পাদক মুফতি জাকারিয়া। রবিবার (২৫ এপ্রিল) রাত সাড়ে ১১টার দিকে ব্রাহ্মণবাড়িয়া পৌর এলাকার জাতীয় বীর আব্দুল কুদ্দুস মাখন পৌর মুক্তমঞ্চের সামনে থেকে তাঁকে গ্রেপ্তার করা হয়।

জুলুমের প্রতিবাদের ঘটনায় প্রথম হেফাজতের কোনো পদধারী নেতাকে গ্রেপ্তার করায় ঘটনায় বিষয়টি নিয়ে উল্লাস প্রকাশ করতে দেখা গিয়েছে ইসলাম বিরোধী মহলে।

ব্রাহ্মণবাড়িয়ার অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অপরাধ) মো. রইছ উদ্দিন গ্রেপ্তারের বিষয়টি সাংবাদিকদেরকে নিশ্চিত করেছেন। সে জানায়, রাতে জেলা মুরতাদ পুলিশের বিশেষ একটি অভিযানিক দল জাকারিয়া হুজুরকে গ্রেপ্তার করে। গত ২৬ থেকে ২৮ মার্চ পর্যন্ত চালানো কথিত তাণ্ডবের ঘটনায় তিনি সম্পৃক্ত ছিলেন বলে জানায় সে।

উল্লেখ্য, ভারতের প্রধানমন্ত্রী কসাই নরেন্দ্র মোদির বাংলাদেশ সফরের ঘটনায় মোট ৫৬টি মামলা দায়ের হয়। মামলাগুলোতে এজহারনামীয় আসামি ৪১৪ জন আর অজ্ঞাতনামা আসামি ৩৫ হাজারেরও বেশি। গ্রেপ্তার হয়েছে ৩৬০ জন। কালের কণ্ঠ

পাকিস্তান | মুরতাদ বাহিনীর উপর পাক-তালেবানের তীব্র হামলা, হতাহত ৪ এরও বেশি

পাকিস্তানের দুটি পৃথক অঞ্চলে দেশটির মুরতাদ বাহিনীর উপর সফল হামলা চালিয়েছেন টিটিপির মুজাহিদগণ। যার একেটিতেই ৪ মুরতাদ সৈন্য হতাহতের ধারণা করা হচ্ছে।

তেহরিক-ই-তালেবান সমর্থক টুইটার একাউন্টগুলো থেকে জানা গেছে, গত ২৫ মার্চ, উত্তর ওয়াজিরিস্তানের টিটি মাদাখাইল এলাকায়, মুরতাদ বাহিনীর কনজাক পোস্টের জন্য পণ্য সরবরাহকারী ৪ মুরতাদ সৈন্যকে টার্গেট করে হামলা চালিয়েছেন মুজাহিদগণ। যার ফলস্বরূপ ৪ মুরতাদ সেনা সদস্য নিহত ও আহত হওয়ার প্রবল সম্ভাবনা রয়েছে বলেও জানায় মুজাহিদ সমর্থক একাউন্টগুলো।

একইদিন পাকিস্তানের দির জেলার খারিকক-সার এলাকায় মুরতাদ সেনাবাহিনীর একটি চৌকিতে গেরিলা হামলা চালানোর কথাও জানায় টিটিপি সমর্থকরা। এতে বেশ কিছু মুরতাদ সেনা হতাহত হয়েছে বলেও জানান।

মালি | মুজাহিদদের হামলায় জাতিসংঘের ২ চাদিয়ান সৈন্য গুরুতর আহত

মালি যুদ্ধে অংশ নেওয়ার মাত্র দেড় মাসের মধ্যেই মুজাহিদদের একের পর এক হামলার শিকার হচ্ছে মুরতাদ চাদিয়ান বাহিনী। হতাহত হচ্ছে ডজন ডজন সৈন্য।

আঞ্চলিক সূত্র থেকে জানা গেছে, গত ২৫ মার্চ বিকাল ৫টার সময়, মালির কাইদাল রাজ্যের তাইসালীত এলাকায় ক্রুসেডার জাতিসংঘের মিনোসুমা সামরিক জোটের অংশীদার মুরতাদ চাদিয়ান বাহিনীর একটি সামরিক কাফেলায় তীব্র হামলা চালিয়েছেন আল-কায়েদা মুজাহিদিন।

মুরতাদ চাদিয়ান সামরিক বাহিনী দাবি করছে যে, এতে তাদের ২ সৈন্য গুরুতর আহত হয়েছে। তবে আঞ্চলিক সূত্র বলছে, হতাহতের এই সংখ্যা অনেক বেশি। যুদ্ধে নিজেদের লাঞ্চনাকর পরাজয় ঢাকতে ক্রুসেডার ফ্রান্সের মত চাদের সামরিক বাহিনীও হতাহতের প্রকৃত সংখ্যা গোপন করতে শুরু করেছে।

আঞ্চলিক সূত্র জানায়, তাইসালীত মুরতাদ চাদিয়ান বাহিনীর উক্ত সামরিক কাফেলাকে টার্গেট করে প্রায় এক ঘন্টা যাবৎ অভিযান চালিয়েছে জামা'আত নুসরাতুল ইসলাম ওয়াল মুসলিমিনের জানবায মুজাহিদিন। এতে মুরতাদ বাহিনীর কয়েকটি সাঁজোয়া যান ক্ষতিগ্রস্তও হয়েছে। সৈন্যরা নিজেদের জীবন বাঁচাতে সামরিক যান থেকে একবারের জন্যেও বের হয়নি। লড়াইয়ের পুরোটা সময়ই সাঁজোয়া যানের ভিতরেই অবস্থান করছিল মুরতাদ বাহিনী, যতক্ষণ না যুদ্ধের ময়দান থেকে তারা পলায়ন করতে সক্ষম হয়।

ফটো রিপোর্ট | শাবাব নিয়ন্ত্রিত অঞ্চলে পবিত্র কোরআন প্রতিযোগিতা অনুষ্ঠান

হারাকাতুশ শাবাবের মিডিয়া শাখা 'আল-কাতায়েব ফাউন্ডেশন' মাহে রমজান উপলক্ষ্যে অনুষ্ঠিত পবিত্র কোরআনুল কারীমের ধারাবাহিক প্রতিযোগিতার প্রথম ও দ্বিতীয় পর্ব প্রকাশ করেছে। প্রতিযোগিতার প্রথম পর্বে অংশগ্রহণ করেছে ১-১০ তম পারা মুখস্তকারী ছাত্ররা। দ্বিতীয় পর্বে অংশগ্রহণ করেছে ১-১৫ তম পারা হিফজকারী ছাত্ররা।

আলহামদুলিল্লাহ্, প্রতিযোগিতা অনুষ্ঠানে অংশগ্রহণকারী শিক্ষার্থীরা প্রত্যেকেই খুবই তারতিলের সাথে হৃদয় জোড়ানো কণ্ঠে কালামুল্লাহ্ শরীফ থেকে তিলাওয়াত করে শুনিয়েছেন।

কোরআন প্রতিযোগিতা অনুষ্ঠানের কিছু দৃশ্য...

https://alfirdaws.org/2021/04/26/48808/

ফটো রিপোর্ট | বা'দাউইন বিজয়ের প্রথম সপ্তাহতেই ৬০০ পরিবারকে খাদ্য সহায়তা দিল আশ-শাবাব মুজাহিদিন

আল-কায়েদা পূর্ব আফ্রিকা ভিত্তিক শাখা হারাকাতুশ শাবাব মুজাহিদিন তাদের নিয়ন্ত্রিত বা'দাউইন জেলায় ৬০০ এরও বেশি অভাবী পরিবারকে পবিত্র মাহে রমজান উপলক্ষ্যে খাদ্য সহায়তা প্রদান করেছে।

মাত্র এক সপ্তাহ পূর্বেও এই জেলাটি নিয়ন্ত্রণ করত সোমালীয় মুরতাদ সরকারি বাহিনী। আলহামদুলিল্লাহ্, হারাকাতুশ শাবাব মুজাহিদগণ জেলাটি বিজয়ের মাত্র ১সপ্তাহের মাথায় জেলাটির এই বিপুল সংখ্যক অভাবী পরিবারকে খাদ্য সহায়তা দিয়েছেন।

বা'দাউইন জেলা ছাড়াও রমজান উপলক্ষ্যে এই সহায়তা পেয়েছেন মাদাক রাজ্যের শাবিলো, জাইদেরি, লাসাগামি, কাইয়াদ এবং বা'দাউইনের আশেপাশের অন্যান্য অঞ্চলের লোকেরা।

প্রত্যকটি পরিবারকেই ৩ বস্তা পরিপূর্ণ খাদ্য, তেল, খেজুর ও নিত্যপ্রয়োজনীয় অন্যান্য সামগ্রী দেওয়া হয়েছে।

নগরীর প্রত্যক্ষদর্শীদের মতে, এই শহরটির নিয়ন্ত্রণ নেওয়ার প্রাথমিক দিনগুলো সত্ত্বেও হারাকাতুশ শাবাব জনগণের প্রয়োজনের প্রতি খেয়াল করে এই কার্যক্রম হাতে নিয়েছেন। যা হারাকাতুশ শাবাবের খুবই প্রশংসনীয় একটি সিদ্ধান্ত।

হারাকাতুশ শাবাব জানিয়েছে যে, মুজাহিদগণ নিয়মতান্ত্রিকভাবে তাদের নিয়ন্ত্রণাধীন অঞ্চলে খাদ্য সহায়তা করে চলছেন।

https://alfirdaws.org/2021/04/26/48802/

সোমালিয়া | মুজাহিদদের হামলায় ২ মেয়র ও তাদের ৩ দেহরক্ষী নিহত

পূর্ব আফ্রিকার দেশ সোমালিয়ায় আল-কায়েদা মুজাহিদদের হামলায় মার্কিন প্রশিক্ষিত সেনা অফিসার ও এক মেয়রসহ তাদের ৩ দেহরক্ষী নিহত হয়েছে।

রিপোর্ট অনুযায়ী, গত ২৫ এপ্রিল সোমালীয় মুরতাদ সরকারের লাইকু শহরের মেয়রকে টার্গেট করে সফল হামলা চালিয়েছেন হারাকাতুশ শাবাব মুজাহিদিন। এতে উক্ত মেয়রসহ তার আরো ২ দেহরক্ষী নিহত হয়েছে।

সূত্র জানিয়েছে যে, এই মুরতাদ একজন মেয়র হওয়ার পাশাপাশি ক্রুসেডার মার্কিন প্রশিক্ষিত স্পেশাল ফোর্সের একজন উচ্চপদস্থ সেনা অফিসারও ছিল।

একইদিন জালকায়ু জেলার মেয়র 'উসমান আবদী আদম' কে টার্গেট করেও সফল হামলা চালিয়েছেন শাবাব মুজাহিদগণ। এসময় মেয়র অল্পের জন্যে বেঁচে গেলেও গুরুতর আহত হয়। অপরদিকে হতাহত হয় তার কয়েকজন দেহরক্ষী।

২৫শে এপ্রিল, ২০২১

আমেরিকায় পুলিশ কর্তৃক ধর্মীয় প্রতিহিংসার শিকার এক কৃষ্ণাঙ্গ মুসলিম, অতঃপর হত্যা

ধর্মীয় স্বাধীনতা আর মানবতার সবক শেখানো পশ্চিমা বিশ্বে ইসলাম বিদ্বেষ নতুন কিছু নয়। ইউরোপ-আমেরিকায় মুসলিমরা থাকবে আর ক্রুসেডার রাষ্ট্রদ্বয়ের আক্রোশের শিকার হবে না, তা কী হয়?

বর্ণবাদী আমেরিকা যখন কৃষ্ণাঙ্গ জর্জ ফ্লয়েড হত্যা নিয়ে আন্দোলনে মুখরিত, তখন প্রতিহিংসার শিকার আরেক কৃষ্ণাঙ্গ মুসলিম মোহাম্মাদ মুহাইমিনের শোকগাথা ঘটনা কতজনইবা জানে?

৪ই জানুয়ারী ২০১৭, নাগরিক পরিসেবা কেন্দ্রে আশ্রয় নেয়া সহায়সম্বলহীন মোহাম্মদ মুহাইমিন (৪৩) তার পোষা কুকুর নিয়ে পাবলিক টয়লেটের দিকে যাচ্ছিলেন। কেন্দ্রের আধিকারিক এসে মানসিকভাবে বিপর্যস্ত মুহাইমিনের পথরুদ্ধ করে। কথা-কাটাকাটির এক পর্যায়ে ৯১১ এ ফোন দিয়ে পুলিশ ডাকা হয়। পুলিশ এসে সবকিছু মিটমাট করে ও তার সম্পর্কে পুরনো ফাইল ঘাটতে থাকে।

নিষিদ্ধ মারিজুয়ানা ড্রাগ রাখার দায়ে রাজ্য আদালতে প্রমাণে ব্যর্থ মুহাইমিনের নামে ভুয়া একটি ওয়ারেন্ট পুলিশ খুঁজে পায়।

